

## নটর ডেমে ক্ষুদে বিজ্ঞানীদের নানা প্রকল্পের প্রদর্শনী শেষ

### সুগান্তর রিপোর্ট

একদিকে জনসংখ্যা বৃদ্ধি আরেকদিকে চাষ ও বসত জমি কমে যাওয়ার অব্যাহত চাপের মুখে যখন জাতির নীতিনির্ধারণকরা, তখন দেশের - যুগান্তরের পরিধি বৃদ্ধির খবর নিত্যই যন্ত্রের হাতের মতো মনে হবে। কিন্তু ক্ষুদে বিজ্ঞানী দেখিয়েছে এ যশ। রাজধানীর বিভিন্ন স্থান ও কলেজের এসব ক্ষুদে বিজ্ঞানীর মিলনমেলা বসেছে নটর ডেমে কলেজে। তাদেরই উপস্থাপিত প্রকল্পে সাগর ভরাট করে বাংলাদেশের আয়তন বৃদ্ধি, ঢাকা শহরের কৃকিপূর্ণ ও বিপজ্জনক অর্ধনির্ধারিত ব্যবহার উন্নয়ন, নগর নিরোধক বাধ আবিষ্কার, মাগুরাকে ঔষধি গাছ হিসেবে ব্যবহারসহ নানা প্রকল্প উপস্থাপন করা হয়েছে। দু'দিনব্যাপী বিজ্ঞান প্রকল্প প্রদর্শনীর শেষদিন পনিবার ছিল দর্শকদের উপচেপড়া ভিড়। রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সনাগত ছাত্রছাত্রীরা কৌতূহলী দৃষ্টিতে দেখছিল এসব প্রকল্প।

ঢাকার আগাখান স্থলের বিজ্ঞান বিভাগের নবম শ্রেণীর ছাত্র সাদমা কৌতূহলী নয়নে ঘুরে ঘুরে দেখছিল বিভিন্ন প্রকল্প। সাদমা 'পৌরগণিত' ব্যবহার করে দৃশ্যিত পানি বিওদ্ধকরণ প্রকল্প বিষয়ে জানায়, তাত্ত্বিকভাবে সে বিষয়টি জানে, কিন্তু প্রদর্শনীতে এসে ব্যবহারিক দিকটি ভেবে

খুবই আনন্দিত হয়েছে। প্রদর্শনীতে খড়ল দিয়ে এমনভাবে দেখানো হয়েছে যে, বিষয়টি সহজে বুঝতে পারছে সে। এভাবে প্রদর্শনীতে আসা ছোট পিও, চম্ব, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে বেশ উৎসাহ-উত্থাপনা লক্ষ্য করা গেছে। বিজ্ঞান প্রকল্প বিষয়ক অতিথিতা সম্পন্ন একটি দল প্রদর্শনী ঘুরে বিচারকার্য চালিয়েছে। প্রদর্শনীতে অংশ নেয়া তিন দলকে পুরস্কৃত করা হবে। আগামী ১ সেপ্টেম্বর বিজ্ঞানীদের নাম ঘোষণা করা হবে।

প্রকল্প : পৃষ্ঠা ২ : কলাম ৬

### প্রকল্প : ক্ষুদে বিজ্ঞানী

(৫ম পৃষ্ঠার পর)

প্রতিযোগিতায় ১২টি স্থান থেকে ৫২টি বিজ্ঞান প্রকল্প উপস্থাপন করে ১৫০ জন প্রতিযোগী। অন্যদিকে ১১৫টি কলেজ থেকে ১১৮টি প্রকল্পে ৩৬০ জন ছাত্র অংশ নিয়েছে। এছাড়াও এআইইউবি, ইডেন কলেজ এবং তেহরগাঁও কলেজ থেকে ১৬টি প্রকল্পের মাধ্যমে ৩৫ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে।

#### জাতীয় বিতর্ক উপসব

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংকের (ইউসিবি) আর্থিক সহায়তায় রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণে শিক্ষার মানোন্নয়নে পশ্চিমবঙ্গ প্রচেষ্টা' শীর্ষক শিক্ষা ও সাংস্কৃতিক মিলনমেলা-২০০৮ একই সঙ্গে ঢাকার আরও কয়েকটি ব্যাচনামা স্থলে অনুষ্ঠিত হচ্ছে। এরই অংশ হিসেবে নটর ডেমে কলেজে অনুষ্ঠিত হয় বিজ্ঞান প্রকল্প প্রদর্শনী। এছাড়া এ কলেজে ১৯ আগস্ট থেকে চলছে ২০তম জাতীয় বিতর্ক উপসব। জগন্নাথ বিশ্ববিদ্যালয়, রাজশাহী নিউ সিটি, ঢাকা কলেজ, ওয়াইডগ্রিউসিএ, আইডিয়াল স্কুল, মাস্টারনাইট, রাজউক, বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএসহ পঞ্চমদিনে মোট ২৬টি স্থান, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর অংশ নেয় বিতর্ক প্রতিযোগিতায়। দৈনিক সুগান্তর এ উপসবে বিভিন্ন পাটনার হিসেবে রয়েছে। এছাড়া স্যাটেলাইট টেলিভিশন এনটিভি, রেডিওটুডে এবং টেলিটকও বিভিন্ন পাটনার হিসেবে রয়েছে।